বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
www.bcc.gov.bd
আগারগাঁও, ঢাকা (জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি প্রতিষ্ঠান)

সভাপতি	এ কে এম শাহনেওয়াজ চৌধুরী পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)
সভার তারিখ	০৭-০৮-২০২৩ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	আহবায়কের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

বিসিসি ইনোভেশন টিমের ইনোভেশন কর্মকতা ও আজকের সভার সম্মানিত সভাপতি জনাব এ কে এম শাহনেওয়াজ চৌধুরী সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ২০২৩-২৪ অর্থবছরের ১ম সভার কার্যক্রম শুরু করেন। আজকের সভার আলোচ্যসূচী দুইভাগে বিভক্ত করা হয়। প্রথম ভাগে ২০২২-২৩ অর্থবছরের স্বমূল্যায়ন প্রতিবেদনের উপর ডিভিশন কর্তৃক পর্যবেক্ষণাবলি এবং দ্বিতীয় ভাগে বিসিসির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর করণীয় নিয়ে আলোচনা হয়। সভার সম্মানিত সভাপতি সভার আলোচ্যসূচী অনুযায়ী ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মধুসূদন চন্দকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

০২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্র.নং	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
প্রথম ভাগ (২০২২-২৩ অর্থবছরের স্বমূল্যায়ন প্রতিবেদনের উপর ডিভিশন কর্তৃক পর্যবেক্ষণাবলি)			
১.১.১	সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়িতঃ প্রমাণক যথেষ্ট নয় বলে পর্যবেক্ষণ দেয়া হয়। প্রদত্ত প্রমাণক ও নতুন প্রমাণক বিষয়ক বিস্তারিত আলোচনা হয়।	নতুন করে প্রমাণক জমা দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি।

১.৩.১	বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃতঃ প্রমাণক যথেষ্ট নয় বলে পর্যবেক্ষণ দেয়া হয়। ডাটা সেন্টার থেকে চাহিত তথ্য পাওয়া না যাওয়ায় প্রেরিত প্রমাণকে ঘাটতি ছিল। ডাটা সেন্টার থেকে তথ্য সংগ্রহের ব্যাপারে আলোচনা হয়।	তথ্য সংগ্রহ করে নতুন করে প্রমাণক জমা দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।
১.৪.২	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিতঃ প্রমাণকে আয়োজিত কর্মশালার স্থিরচিত্র সংযোজন করা হয় নি বলে পর্যবেক্ষণ দেয়া হয়। এ ব্যাপারে আলোচনা হয়। প্রেরিত প্রমাণকে স্থিরচিত্র সংযোজিত আছে। কিন্তু স্থিরচিত্রে কর্মশালার নাম সংযোজিত করা হয়নি।	স্থিরচিত্রে কর্মশালার নাম সংযোজন করে নতুন করে প্রমাণক জমা দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।
২.২.৩	কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতঃ প্রেরণ করা হয়নি বলে পর্যবেক্ষণ দেয়া হয়। এ বিষয়ে আলোচনায় দেখা যায় যে প্রতিবেদন সঠিক সময়ে পাঠানো হয়েছে।	প্রতিবেদন প্রেরণের প্রমাণক নিয়ে ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন), বিসিসি
২.২.৪	আওতাধীন অফিসসমূহের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতঃ প্রেরণ করা হয়নি বলে পর্যবেক্ষণ দেয়া হয়। এ বিষয়ে আলোচনায় দেখা যায় যে প্রতিবেদন সঠিক সময়ে পাঠানো হয়েছে।	প্রতিবেদন প্রেরণের প্রমাণক নিয়ে ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনার সিধান্ত গৃহীত হয়।	পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন), বিসিসি
দ্বিতীয় ভাগ (ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪)			
১.১	সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত নির্দেশনার আলোকে বিসিসির উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।	বাস্তবায়নের জন্য কয়েকটি আইডিয়া নিয়ে আলোচনা হয়। এবং আগামী সভায় বাস্তবায়নের জন্য একটি আইডিয়া চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি।

২.১	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু অব্যাহত রাখা নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।	বর্তমানে সকল সেবা চালু আছে। এবং ভবিষ্যতে চালু রাখার জন্য করণীয় কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব রিংকো কবিরাজ এনালিষ্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি) ও জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি।
৩.১	ইনোভেশন শোকেসিং আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে একটি ইনোভেশন শোকেসিং আয়োজনের ব্যাপারে আলোচনা হয়।	নূন্যতম একটি ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন করে শোকেজিং করার প্রস্তুতি নেয়ার জন্য আঞ্চলিক কার্যালয়সমূহকে চিঠির মাধ্যমে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।
৪.১	ই-নথির ব্যবহার বৃদ্ধিঃ বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়ানো বিষয়ে করনীয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	বিসিসির ই-ফাইলে নোট নিষ্পত্তির পরিমান বাড়াতে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।
৫.১	তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ ৫.১.১) তথ্য বাতায়ন হালনাগাদকৃত রাখার ব্যাপারে আলোচনা অনুষ্ঠিত হয়। ৫.১.২) আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণের ব্যাপারে আলোচনা অনুষ্ঠিত হয়।	ক) তথ্য বাতায়ন হালনাগাদকৃত রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) আঞ্চলিক কার্যালয়সমূহকে তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণের জন্য কার্যকর নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব হোসেন বিন আমিন, সিনিয়র প্রোগ্রামার, বিসিসি ও জনাব মধুসূদন চন্দ, আঞ্চলিক পরিচালক, বিসিসি।

৬.১	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজনঃ ৬.১.১) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের ব্যাপারে আলোচনা অনুষ্ঠিত হয়। ৬.১.২) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য আলোচনা অনুষ্ঠিত হয়।	সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে একটি সভা আয়োজনের সিধান্ত গৃহীত হয়। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সকল কর্মকর্তাদের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মধুসূদন চন্দ আঞ্চলিক পরিচালক, বিসিসি।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০-০৮-২০২৩
এ কে এম শাহনেওয়াজ চৌধুরী
পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০১.০০০০.০৪৪.০১.০০১.২১.১৩

বিতরণ :

১। বিসিসি ইনোভেশন টিম।

১০-০৮-২০২৩
এ কে এম শাহনেওয়াজ চৌধুরী
পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন)